# ব্যালট পেপার ছাপানোর স্থান বা সংখ্যা নির্বাচনের সততা প্রভাবিত করে না: ঢাবি ভিসি



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান বলেছেন, ডাকসু ও হল সংসদ নির্বাচনে ব্যালট পেপার কোথায় ছাপানো হলো বা কত কপি ছাপানো হলো—এসব বিষয় সুষ্ঠু ভোটগ্রহণকে প্রভাবিত করে না। তিনি ব্যালট পেপার প্রস্তুতির ধাপসমূহ ও নিরাপত্তা প্রক্রিয়া বিস্তারিতভাবে উল্লেখ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান জানান, ডাকসু ও হল সংসদ নির্বাচনের ক্ষেত্রে ব্যালট পেপার ছাপানোর স্থান বা সংখ্যা নিয়ে বিভ্রান্তির কোনো সুযোগ নেই। কারণ ভোটের জন্য ব্যালটকে প্রস্তুত করতে একাধিক ধাপ সম্পন্ন করতে হয়।

তিনি রোববার (২৮ সেপ্টেম্বর) গণমাধ্যমে পাঠানো লিখিত বক্তব্যে বলেন, ব্যালট ছাপানোর পর সেগুলো নির্দিষ্ট পরিমাপে কেটে নেওয়া হয়। এরপর সুরক্ষা কোড আরোপ ও ওএমআর মেশিনে প্রি-স্ক্যান করে তা ভোট গ্রহণযোগ্য হিসেবে তৈরি করা হয়। পরে চিফ রিটার্নিং কর্মকর্তার সীল, তার স্বাক্ষর এবং সংশ্লিষ্ট কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর দেওয়ার পরই ব্যালট ভোটে ব্যবহারের উপযুক্ত হয়।

LENS ASIA

উপাচার্য আরও জানান, কার্যাদেশ অনুযায়ী মোট ২ লাখ ৩৯ হাজার ২৪৪টি ব্যালট প্রস্তুত করা হয়েছিল। তবে ভোটার সংখ্যা ছিল ৩৯ হাজার ৮৭৪ জন। তাদের মধ্যে ভোট দেন ২৯ হাজার ৮২১ জন। এতে মোট ১ লাখ ৭৮ হাজার ৯২৬টি ব্যালট ব্যবহার হয় এবং অবশিষ্ট থাকে ৬০ হাজার ৩১৮টি ব্যালট।